




তারেক রহমানের সঙ্গে আমিরাতের উপ-প্রধানমন্ত্রীর বৈঠক



ছবি: সংগৃহীত

সংযুক্ত আরব আমিরাতের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

গুৱাবার (২৫ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি দ্বিপাক্ষীয় সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ, অর্থনৈতিক অংশীদারত্ব, জনশক্তি এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও মতবিনিময় করেন দুই পক্ষ।

বৈঠকে বিদ্যমান সম্পর্কে আরও বিস্তৃত ও কার্যকর করার ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ভবিষ্যতে দুই দেশের পারস্পরিক সহযোগিতা আরও বাড়ানোর আগ্রহের কথাও উভয় পক্ষ তুলে ধরে।

LENS ASIA